## কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

# EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 11 JULY 2026 ,SATURDAY | ১১ জুলাই ২০২৬ ,শনিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-219


## ঝাড়গ্রামে বেঙ্গল আর্চারি অ্যাকাডেমি পরিদর্শনে ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,ঝাড়গ্রাম ,১০ জুলাই :** শুক্রবার ঝাড়গ্রামে বেঙ্গল আর্চারি অ্যাকাডেমি পরিদর্শন করলেন রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ । এদিন অ্যাকাডেমিতে প্রশিক্ষণার্থী তিরন্দাজদের সঙ্গে সাক্ষাৎ করেন ক্রীড়া মন্ত্রী। পাশাপাশি এদিন বেঙ্গল আর্চারি অ্যাকাডেমি কে যাতে আরও উন্নত মানের করা যায় সেই বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ । সূত্রের খবর ,পশ্চিমবঙ্গের সামগ্রিক উন্নয়নের জন্য জঙ্গলমহলের উন্নয়ন অপরিহার্য। জঙ্গলমহলের ছেলে মেয়েরা পারিবারিক প্রথা মেনে নিজেদের আত্মরক্ষার জন্য তীর চালাতে ছোটো থেকেই পারদর্শী । তাদের এই প্রতিভা কে কাজে লাগিয়ে আগামী দিনে আন্তর্জাতিক প্রতিযোগিতায় দেশের জন্য পদক আনা সম্ভব ,সেই সব বিষয়েও গুরুত্বপূর্ণ আলোচনা করেন ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ ।

## হাতির হানায় বন কর্মীর মৃত্যু ,পরিবারের সাথে দেখা করলেন বনমন্ত্রী



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ জুলাই :** বনকর্মীরা একবার জঙ্গলে ফিরিয়ে দিয়েছিল বুনো হাতির দলটিকে।কিন্তু আবারও লোকালয়ের কাছে চলে আসে ওই হাতির দলের একটি হাতি। এরপরেই সেই হাতিটির রোষের স্বীকার হন কুমারগ্রাম এলাকার উত্তর হলদিবাড়ির বাসিন্দা বিশ্রাম ওঁরাও। বৃহস্পতিবার গভীর রাতে ঘটনাটি ঘটে। জানা যায় বিশ্রাম ওঁরাও প্রতিবেশী অর্জুন খরিয়াদের বাড়িতে ছিলেন। বৃহস্পতিবার অর্জুন খরিয়ার স্ত্রীর মৃত্যু হয়।সৎকারের আগে কিছু নিয়ম পালন হচ্ছিল যার কারণের অর্জুনদের বাড়িতে ছিলেন বিশ্রাম ওঁরাও। রাতে বৃষ্টি হচ্ছিল। বিশ্রাম ওঁরাও শৌচকর্ম করতে বাইরে বের হন।তখনই হাতির হানার ঘটনা ঘটে।এরপর ভোর হতে সকলে বিশ্রাম ওঁরাওকে খুঁজতে থাকলে তাঁকে মৃত অবস্থায় পান। এই ঘটনা শুনতে পেয়ে বিশ্রাম ওঁরাও এর বাড়ি যান শুক্রবার সকালে বন মন্ত্রী মনোজ কুমার ওঁরাও। মৃতের পরিবারকে সান্তনা দেন তিনি। বনমন্ত্রী জানান , "ঘটনাটি দুঃখজনক। মৃতের পরিবারকে ক্ষতিপূরণ দেওয়া হবে।"

## বিজেপিতে যোগ দিলেন প্রকাশ, সরগরম আলিপুরদুয়ার



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ জুলাই :** রাজ্যসভার সাংসদ প্রকাশ চিক বড়াইক কলকাতায় বিজেপিতে যোগদান করেছেন। যদিও কয়েকদিন আগেই তিনি তৃণমূলের সাংসদ পদ থেকে ইস্তফা দিয়েছিলেন। বৃহস্পতিবার বিকেলে তিনি বিজেপিতে যোগদান করেছেন এবং রাতেই তাকে রাজ্যসভার প্রার্থী হিসেবে ঘোষণা করেছে বিজেপি। এই খবর প্রকাশিত হওয়ার পরেই আলিপুরদুয়ার জেলা সহ গোটা পশ্চিমবঙ্গের মানুষ সোশ্যাল মিডিয়ায় তাদের প্রতিক্রিয়া জানাতে শুরু করেছে। বিশেষ করে আলিপুরদুয়ার জেলা কুমার গ্রামের বাসিন্দাদের সোশ্যাল মিডিয়ায় পোস্ট ছিল চোখে পড়ার মতো। মমতা ব্যানার্জি থেকে শুরু করে অভিষেক ব্যানার্জি এবং আলিপুরদুয়ারের তৃণমূলের চেয়ারম্যান থেকে শুরু করে প্রাক্তন বিধায়ক কে বিজেপিতে যোগদান করার আহ্বান জানাচ্ছেন অনেকেই। আলিপুরদুয়ার জেলার তৃণমূল নেতারা বিজেপিতে যোগদান করায় অস্বস্তিতে পড়ে গেছেন বিজেপির কর্মীরা।

## বৈধ ভোটারদের নাম পুনর্বহালের দাবিতে আলিপুরদুয়ারে ডেপুটেশন আরএসপির




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ জুলাই :** এসআইআর প্রক্রিয়ায় বাতিল হওয়া বৈধ ভোটারদের নাম পুনরায় ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা-সহ একাধিক দাবিতে বুধবার আলিপুরদুয়ার জেলা শাসকের দপ্তরে ডেপুটেশন জমা দিল রেভলিউশনারি সোশ্যালিস্ট পার্টি (আরএসপি)।দলীয় কর্মী-সমর্থকদের নিয়ে একটি মিছিল শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে জেলা শাসকের দপ্তরে পৌঁছায়। সেখানে প্রশাসনের উদ্দেশ্যে একটি স্মারকলিপি জমা দিয়ে আরএসপি নেতৃত্ব দাবি জানায়, এসআইআর প্রক্রিয়ায় যেসব প্রকৃত ও বৈধ ভোটারের নাম ভোটার তালিকা থেকে বাদ পড়েছে, তাদের নাম দ্রুত পুনর্বহাল করতে হবে।এছাড়াও নির্বাচন প্রক্রিয়ায় স্বচ্ছতা বজায় রাখা, যোগ্য ভোটারদের ভোটাধিকার নিশ্চিত করা এবং ভোটার তালিকা সংশোধনের ক্ষেত্রে সাধারণ মানুষের হয়রানি বন্ধ করার দাবিও জানানো হয়। আরএসপি নেতৃত্বের বক্তব্য ,গণতন্ত্রে ভোটাধিকার একটি সাংবিধানিক অধিকার। তাই কোনও বৈধ ভোটারের নাম যেন অযথা ভোটার তালিকা থেকে বাদ না যায়, সে বিষয়ে নির্বাচন কমিশন ও প্রশাসনকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।ডেপুটেশন গ্রহণের পর জেলা প্রশাসনের পক্ষ থেকে বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে পাঠানো হবে বলে জানানো হয়েছে।

# চোরাই রড সিমেন্ট বিক্রির অভিযোগে গ্রেপ্তার তিনজন




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ জুলাই :** চোরাই রড এবং সিমেন্ট বিক্রি করার অভিযোগে গ্রেফতার করা হয়েছে শামুকতলা থানার তেঁতুলতলা এলাকার তিন ব্যবসায়ীকে। রামকৃষ্ণ সূত্রধর ওরফে ভানু লিটন সরকার ওরফে প্রসেনজিৎ এবং উত্তম শীলকে গ্রেপ্তার করেছেন শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ। বিভিন্ন জায়গা থেকে উদ্ধার হয়েছে প্রায় লক্ষাধিক টাকার লোহার রড এবং কয়েক বস্তা সিমেন্ট। গোপন খবরের ভিত্তিতে এদিন অভিযান চালায় পুলিশ। ৩১ নম্বর জাতীয় সড়ক দিয়ে যাওয়া দূরপাল্লার গাড়িগুলো থেকে এই রড সিমেন্ট নামিয়ে রাখা হতো রাতের অন্ধকারে। রাতের বেলাতেই সেগুলি গোপন ডেরায় চলে যেত। সূত্রের খবর গত কয়েক বছর ধরে তৃণমূল নেতাদের মদতে এই ব্যবসা চলতো রমরমা ভাবে। চোরাই ব্যবসার জেরে আঙ্গুল ফুলে কলাগাছ হয়ে গেছেন তিন ব্যবসায়ী। সূত্রের খবর চোরাই রড সিমেন্ট পেট্রোল ডিজেল এমন কি পাকা রাস্তার পিচ এর ব্যবসা চলছে রমরমা ভাবে। শুক্রবার অভিযুক্ত তিনজনকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হয়েছে বিভিন্ন ধারায় মামলা দিয়ে।

# যশোডাঙ্গা ব্লক অফিসে মহিলাদের ভীড়





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ জুলাই :** প্রতিনিয়তই ভিড় বাড়ছে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক অফিসে অন্নপূর্ণা ভাণ্ডার এর টাকা না পাওয়ার দরুণ। যদিও ব্লক অফিসের কর্মীদের কাছ থেকে জানা গেছে গত কয়েকদিনে এ সমস্ত ফর নতুন করে জমা হয়েছিল সেই ফর্ম অনলাইনে এন্ট্রি শুক্রবার সন্ধ্যার মধ্যে শেষ হয়ে যাবে। তবে সরকারি নির্দেশ আসছে নতুন করে একের পর এক। সেই নির্দেশে সরকারি কর্মীরাও বাকরুদ্ধ হয়ে পড়েছেন। এদিনও ব্লক অফিসে প্রচুর পরিমাণ পুলিশ মোতায়েন করা ছিল বেলা দশটা থেকেই। যদিও মহিলাদের অভিযোগ অনলাইনে ফরম ফিলাপ করতে গিয়েই ভুল সাবমিট করেছেন কর্মীরা যার ফলেই তাদের হয়রানির শিকার হতে হচ্ছে।

# মালঙ্গী ঝোড়া নদীতে পরিণত হয়ে গেল



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ জুলাই :** নদীর জল আরও বাড়ল কি না, সেই আশঙ্কায় দিনের বেশিরভাগ সময়ই মালঙ্গী ঝোড়ার ধারে ভিড় করছেন স্থানীয় বাসিন্দারা। কেউ কাছে গিয়ে, কেউ দূর থেকে উঁকি মেরে পরিস্থিতি পর্যবেক্ষণ করছেন। কালচিনি ব্লকের সুভাষিণী চা বাগান সংলগ্ন মালঙ্গি ঝোড়া বর্তমানে ভয়াবহ রূপ নিয়েছে। স্থানীয়দের দাবি, ঝোড়াটি এখন কার্যত নদীতে পরিণত হয়েছে। এর জেরে চা বাগানের বিস্তীর্ণ জমির পাশাপাশি শ্রমিক মহল্লার একাধিক বাড়ি নদীগর্ভে তলিয়ে যাওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। ইতিমধ্যেই ঝোড়ার ভাঙনে ক্ষতিগ্রস্ত হয়েছে হাসিমারা বায়ুসেনা ছাউনির সীমানা প্রাচীরের একটি অংশ।বাসিন্দাদের অভিযোগ, গত বছর তোর্সা নদীর বাঁধ ভেঙে জল ও পলিমাটি সুভাষিণী চা বাগান এবং শ্রমিক মহল্লায় ঢুকেছিল। তবে তখনও আউট ডিভিশন নিরাপদ ছিল। এরপর দীর্ঘ সময় পেরিয়ে গেলেও স্থায়ী নদীবাঁধ নির্মাণের কাজ শুরু হয়নি। ফলে তোর্সার স্রোত ধীরে ধীরে গতিপথ পরিবর্তন করে মালঙ্গী ঝোড়ায় প্রবেশ করেছে। বর্তমানে সেই জলরাশি ভয়ঙ্কর আকার ধারণ করে চা বাগানের জমি ভাঙতে ভাঙতে শ্রমিক মহল্লার দিকে এগিয়ে আসছে। পরিস্থিতিতে আতঙ্কে দিন কাটাচ্ছেন এলাকার বাসিন্দারা। দ্রুত ভাঙন রোধে স্থায়ী বাঁধ নির্মাণ এবং প্রশাসনের জরুরি হস্তক্ষেপের দাবি তুলেছেন তাঁরা।এ বিষয়ে বাগানের শ্রমিক সঞ্জয় রাউত বলেন, "নদীর থেকে আর মাত্র ১২০ মিটার দূরত্বে শ্রমিক মহল্লা রয়েছে।সেখানে ২০০-২৫০টি বাড়ি রয়েছে। সকলেই আতংকে জরুরি ঘরের সব সামগ্রী প্যাক করে রেখেছে,এভাবে নদীর জল বাড়লে যেকোনো মুহূর্তে আমাদের ঘর ছেড়ে অন্যত্র যেতে হতে পারে।"আরেক বাসিন্দা সুরজ সিং বলেন, "দিনে যে কতবার নদীর জল দেখতে আসছি তার হিসেব নেই। সকলেই ভয়ে আছি তাই বারবার এসে দেখছি নদীর জল বেড়েছে কী না,বাঁধ তৈরি না হলে হয়তো বর্ষায় গ্রামটাই নিশ্চিহ্ন হয়ে যাবে।



# কোচবিহার পুলিশের উদ্যোগে চাইনিজ আত্মরক্ষার কৌশল উশু প্রশিক্ষণ




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,১০ জুলাই :** আজ কোচবিহারের পুলিশ লাইন্সের কনফারেন্স হলে চাইনিজ আত্মরক্ষার কৌশল উশু (Wushu) প্রশিক্ষণ দেওয়া হয়েছে । আসাম থেকে আগত একজন স্বনামধণ্য আন্তর্জাতিক প্রশিক্ষক অংশগ্রহণকারীদের প্রশিক্ষণ ও দিকনির্দেশনা দিয়েছেন এবং আসন্ন জাতীয় গেমসের জন্য তাদের দক্ষতা ও প্রস্তুতি ঝালিয়ে নিতে সহায়তা করেছেন। তিনি সকল ক্রীড়াবিদের আগামী দিনের যাত্রার জন্য অনেক শুভকামনা জানিয়েছেন । এই বিষয়ে এক পুলিশ আধিকারিক জানান , "এই প্রশিক্ষণের মাধ্যমে ছেলেমেয়েদের উৎসাহ অনেকটাই বৃদ্ধি পাবে "।

# পঞ্চায়েত সমিতির সহ-সভাপতি ইস্তফা দিলেন



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ জুলাই :** আলিপুরদুয়ার দুই পঞ্চায়েত সমিতির সহ-সভাপতি কাজল দত্ত ইস্তফা পত্র জমা দিয়েছেন আলিপুরদুয়ার মহকুমা শাসকের দপ্তরে। সরকার পরিবর্তন হওয়ার পরেই আলিপুরদুয়ার দুই ব্লকে তৃণমূলের গ্রাম পঞ্চায়েত বোর্ড গুলি তাসের ঘরের মতো ভেঙে যাচ্ছে। শুক্রবার আলিপুরদুয়ার দুই পঞ্চায়েত সমিতির সহ-সভাপতি থেকে ইস্তফা দিয়েছেন কাজল দত্ত। সূত্রের খবর খুব শীঘ্রই আরো বেশ কয়েকজন পঞ্চায়েত সমিতির সদস্য ইস্তফা পত্র জমা দিবেন। শুক্রবার তিনি ইস্তফা দিলেন আলিপুরদুয়ার মহকুমা শাসকের দপ্তরে গিয়ে। যদিও ডিম নিক্ষেপের কথা অস্বীকার করেছেন বিজেপি নেতৃত্বরা।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |